

Message of DGCSIR - bengali version

April 8, 2020

আমার প্রিয় সি এস আই আর পরিবারের সকল সদস্যগণ,

আপনারা সকলে অবহিত আছেন যে আমরা এক অভূতপূর্ব পরিস্থিতির মধ্যে দিয়ে সময় অতিক্রম করছি, যা মানব সভ্যতার ইতিহাসে এক বিরল ঘটনা। বিভিন্ন সূত্র থেকে আপনারা নিশ্চয়ই জানতে পেরেছেন যে এ হেন কঠিন পরিস্থিতির সম্মুখীন মানুষ বহু বহু দিন হয়নি। এটি বিশেষ ভাবে লক্ষণীয় যে SARS-COV-2 ভাইরাস দ্বারা সৃষ্ট এই রোগটি, যা COVID-19 নামে খ্যাত, সমস্ত শ্রেণী, বর্ণ, ধর্ম অথবা জাতীয়তা প্রাদেশিকতা কে লঙ্ঘন করে সমান হিংস্রতার সাথে সকলকে আক্রমণ করে চলেছে। অতএব, আমাদের সবার উচিত এই সময় বসে সঠিক চিন্তন আত্মদর্শন ও সমূহিক প্রচেষ্টার দ্বারা কিভাবে এই ভাইরাস এর বিরুদ্ধে যুদ্ধ জয় করা যায়, তা সুনিশ্চিত করা।

এটা অনস্বীকার্য এবং অপরিহার্য যে আমাদের প্রতিদিনের সামান্য জনজীবন ব্যাহত হবে, অর্থনীতি, চাকরি, জীবনধারণ বাধাপ্রাপ্ত হবে, বহু প্রাণহানির আশংকা তৈরী হবে, তবু যদি আমরা সংঘবদ্ধ হই, আমরা এই বিধ্বংসী পরিস্থিতির থেকে ন্যূনতম হানির বিনিময়ে বেরিয়ে আসতে পারবো। এর জন্য ভীষণ জরুরী যে সি এস আই আর পরিবার এবং তার প্রসারিত পরিবার সকলে মিলে সরকার দ্বারা সঞ্চালিত সমস্ত নিয়মগুলো আন্তরিকতার সাথে পালন করা। উদাহরণ স্বরূপ সরকারের নির্দেশানুসারে সামাজিক দূরত্ব বজায় রাখার অনুরোধ আমাদের প্রত্যেকের এবং পরিবারের সব সদস্যদের যথাযথ ভাবে পালন করতে হবে। আমাদের ভুললে চলবে না যে নিয়মের ব্যতিক্রম করে আমরা নিজের বা নিজের পরিবারকেই শুধু বিপদগ্রস্ত করে তুলব না, সাথে সমাজে সংক্রমণের সুযোগও অতিশয় বাড়িয়ে দেব। এ যুদ্ধ শুধুমাত্র গুটিকয় চিকিৎসক, সরকার, নীতি নির্ধারক বা স্বাস্থ্য কর্মীর দ্বারা জেতা সম্ভব নয়, আমাদের সকলের সম্মিলিত প্রচেষ্টাই এই যুদ্ধে জয় আনতে পারে। আমি তাই আপনাকে ও আপনার পরিবারকে অনুরোধ করছি নির্ধারিত সতর্কতা অবলম্বনের মাধ্যমে বিশ্বব্যাপী এই মহামারী রোগ থেকে সুস্থ থাকুন।

সি এস আই আর পরিবারের একজন গর্বিত সদস্য হিসেবে সি এস আই আর দ্বারা COVID -19 প্রতিরোধে নেয়া কিছু আগাম সক্রিয় ভূমিকার প্রতি আমি আপনাদের মনোযোগ আকর্ষণ করতে চাই। আমরা, সি এস আই আর এর সামূহিক নেতৃত্ব স্তর থেকে পাঁচটি বৃহৎ ক্ষেত্রে কেন্দ্রীভূত করার সিদ্ধান্ত নিয়েছি:

(১) নজরদারি - ডিজিটাল পদ্ধতি সহ, (২) কম খরচে দ্রুত রোগ নির্ণয় পদ্ধতি, (৩) নতুন চিকিৎসা শৈলীর বিকাশ, নতুন প্রতিষেধকের খোঁজ, সাথে পরিচিত ওষুধ ও প্রতিষেধক এর পুনঃ পরিচালন, (৪) হাসপাতালে ব্যবহার যোগ্য যন্ত্র এবং (৫) এদের সাথে জড়িত সরবরাহ ও সম্বন্ধনীয় অনুপূরণ বিশেষ। আমরা বিশ্বাস করি যে সি এস আই আর এর বিশেষজ্ঞ বৈজ্ঞানিক সম্প্রদায়ের জ্ঞান ও দক্ষতা COVID - 19 দ্বারা উদ্ভূত জরুরি পরিস্থিতি প্রতিরোধে সকল জাতীয় প্রচেষ্টার উপযুক্ত পরিপূরক হয়ে সুষ্ঠু ভাবে সংগঠিত ও সুসম্পন্ন করতে সাহায্য করবে। এই পাঁচটি চিহ্নিত ক্ষেত্রে যুদ্ধকালীন ভিত্তিতে কাজ শুরু হয়ে গেছে। এই লক্ষ্যে পৌঁছানোর জন্য কার্যবিধি শুধু মাত্র সি এস আই আর প্রয়োগশালার গণ্ডিতেই বাঁধা পড়ে নেই, আমাদের ফ্ল্যাগশিপ NMITLI প্রোগ্রামের আওতায়, আমরা শৈক্ষিক ও শিল্প মহলকেও আমন্ত্রণ জানিয়েছি যাতে শীঘ্রই কোনো উদ্ভাবনী সমাধান আমরা পেতে পারি। আশু দিনে আমাদের সুনিশ্চিত করতে হবে যে সি এস আই আর এর

মেধা যেন দেশ ও সমাজকে এই ক্ষেত্রগুলিতে সর্বৎকৃষ্ট কাম্য ফল এনে দিতে পারে যার দ্বারা আমরা ভবিষ্যতে পরিচিত হব। সি এস আই আর এর সর্বকালীন ইতিহাসে যদি কখনও আমাদের কোনো গুরুত্বপূর্ণ বিষয়ে উদ্ভাবনী সমাধানের খোঁজ করতে বলা হয়ে থাকে, তবে সেটি এই মুহূর্ত। স্বামী বিবেকানন্দের উদ্ধৃতির শব্দান্তরে, আমি সি এস আই আরের সমস্ত বৈজ্ঞানিক সম্প্রদায়কে আহ্বান করছি, ওঠো, জাগো, আর ততক্ষণ থেমে না, যতক্ষণ আমরা এই পাঁচ ক্ষেত্রে সত্যিই কোনো উদ্ভাবনী সমাধান খুঁজে পাই। আপনাদের মধ্যে যদি কেউ এই সমূহিক প্রয়াসে অংশগ্রহণ করতে চান, নতুন ধারণা এবং নতুন কর্মসূচী কে সমন্বিত করার সুযোগ অবাধ, যদি তা উপযুক্ত হয়। এইসকল নতুন উদ্যোগগুলির অগ্রগতি সম্পর্কে আমি আপনাদেরকে জানাতে থাকব। আমি শীঘ্রই সকল পরিষদ সদস্যদের জন্য বৈদ্যুতিন ভাষণ আয়োজন করতে চলেছি। আপনাদের অনুরোধ, আপনারা সকলে সেখানে উপস্থিত থাকবেন।

আমি আবার আপনাদের মনে করিয়ে দিতে চাই যে প্রচলিত যুদ্ধ নির্ভীক সৈন্য বাহিনী, সাহসী মানুষ এবং অস্ত্রশস্ত্র দিয়ে লড়া যায়। কিন্তু বর্তমানে, বাস্তবের এই যুদ্ধ লড়াইয়ে স্বাস্থ্য কর্মী, বৈজ্ঞানিক, প্রযুক্তিবিদ, শিল্পপতি, রাজনীতিক নেতৃবৃন্দ, প্রশাসক সবাই মিলে, পুরুষ, নারী, বয়স্ক কমবয়সী, সকল জাতি ধর্ম নির্বিশেষে - একটি মাত্র লক্ষ্য পূরণে। আমি আমাদের সি এস আই আর পরিবারের সবাই কে উদ্বুদ্ধ করছি এই লড়াই এ যোগদান করে আমাদের প্রতি জাতির যে ন্যায্য প্রত্যাশা তা আমাদের বৈজ্ঞানিক ও প্রৌদ্যোগিক ক্ষমতা দ্বারা পূরণ করুন। অতীতে আমরা আমাদের সফলতার চিহ্ন রেখেছি, এবং আমি নিশ্চিত যে এবারো আমরা সফল হব। সুস্থ থাকুন, COVID - 19 থেকে সুরক্ষিত থাকুন।

শেখর সি মান্ডে

a few changes have been incorporated to give a lucid flow.